

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২৮৬১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ভীতিকালীন সময়ের সালাতে অস্ত্র ধারণ করা বৈধ

ذَكَرُ إِبَاحَةَ أَخَذِ الْقَوْمِ السِّلَاحَ عِنْدَ صَلَاتِهِمُ الْخَوْفَ الَّتِي ذَكَرْنَاهَا

আরবী

2861 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيٍّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الصَّمَدِ بْنُ عَبْدِ الْوَارِثِ قَالَ: حَدَّثَنِي سَعِيدُ بْنُ عُبَيْدٍ الْهِنَائِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ شَقِيقِ الْعُقَيْلِيِّ قَالَ: حَدَّثَنِي أَبُو هُرَيْرَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَزَلَ بَيْنَ ضُجْنَانَ وَعُسْفَانَ فَحَاصَرَ الْمُشْرِكِينَ قَالَ: فَقَالُوا: إِنَّ لِهَؤُلَاءِ صَلَاةً هِيَ أَحَبُّ إِلَيْهِمْ مِنْ أَبْنَائِهِمْ وَأَبْكَارِهِمْ - يَعْنُونَ الْعَصْرَ - فَأَجْمَعُوا أَمْرَكُمْ ثُمَّ مِيلُوا عَلَيْهِمْ مِيلَةً وَاحِدَةً قَالَ: فَجَاءَ جَبْرِيلُ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَمَرَهُ أَنْ يَقْسِمَ أَصْحَابَهُ شَطْرَيْنِ وَيُصَلِّيَ بِالطَّائِفَةِ الْأُولَى رَكْعَةً وَيَأْخُذُ الطَّائِفَةُ الْأُخْرَى حِذْرَهُمْ وَأَسْلِحَتَهُمْ فَإِذَا صَلَّى بِهِمْ رَكْعَةً تَأَخَّرُوا وَتَقَدَّمَ الْآخَرُونَ فَصَلَّى بِهِمْ رَكْعَةً وَأَخَذَ هَؤُلَاءِ الْآخَرُونَ حِذْرَهُمْ وَأَسْلِحَتَهُمْ فَكَانَتْ لِكُلِّ طَائِفَةٍ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَةً رَكْعَةً.

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2861 | خلاصة حكم المحدث: حسن صحيح - ((المشكاة))

(1425).

বাংলা

২৮৬১. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার দুজনান ও উসফানের মাঝে যাত্রাবিরতি করেন। অতঃপর তিনি মুশরিকদেরকে অবরোধ করেন। রাবী বলেন, “তখন তারা বলে, “নিশ্চয়ই এই লোকদের (মুসলিমদের) একটি সালাত রয়েছে, যা তাদের কাছে তাদের সন্তানাদি অপেক্ষা প্রিয়। -অর্থাৎ আসরের সালাত- কাজেই তোমরা প্রস্তুতি গ্রহণ করো, তারপর তোমরা তাদের

উপর একযোগে আক্রমণ করে।”

অতঃপর জিবরীল আলাইহিস সালাম রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে তাঁকে আদেশ করেন, যেন তিনি সাহাবীদেরকে দুই দলে ভাগ করেন এবং প্রথম দলের লোকদের নিয়ে এক রাকা‘আত সালাত আদায় করেন। আর অন্য দল সতর্কতা ও অস্ত্র-শস্ত্র গ্রহণ করবে। অতঃপর যখন তিনি তাদের নিয়ে এক রাকা‘আত সালাত আদায় করেন, তখন তারা পিছে যায়, আর অন্য দলের লোকজন পিছনে যায়। তখন তিনি তাদের নিয়ে এক রাকা‘আত সালাত আদায় করেন। আর অন্য দল সতর্কতা ও অস্ত্র-শস্ত্র গ্রহণ করে। কাজেই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে প্রত্যেক দলের এক রাকা‘আত এক রাকা‘আত করে হয়।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৫২২; তিরমিযী: ৩০৩৫; নাসাঈ: ৩/১৭৪; তাবারী: ১০৩৪২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৪২৫)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92191>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন